

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

দোয়ারাবাজার উপজেলায় মৎস্য অধিদপ্তর এর নিবন্ধিত জেলেদের তথ্য ডাটাবেজে অন্তর্ভৃতি ও জেলেদের পরিচয় প্রদানের
নিমিত্ত উপজেলা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব নেহের নিগার তনু, উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

তারিখঃ ১২/০৮/২০২৪ খ্রি:

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিতি সদস্যবৃন্দঃ পরিশিষ্ট ‘ক’

সভাপতি সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা মৎস্য অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জকে সভার কার্যপরিধি তুলে ধরার জন্য অনুরোধ জানান। উপজেলা মৎস্য অফিসার ও কমিটির সদস্য সচিব সভায় জানান যে, দোয়ারাবাজার উপজেলায় মৎস্য অধিদপ্তর এর নিবন্ধিত জেলেদের তথ্য ডাটাবেজে অন্তর্ভৃতি ও জেলেদের পরিচয়পত্র প্রদানের নিমিত্ত ২০২৪-২০২৫ সালের ২০০ টি জেলে নিবন্ধন ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। তিনি আরো জানান যে, নিবন্ধন কৃত ফরমগুলি যাচাই বাছাই করে ক্রুটিপূর্ণ আপত্তির ফরমগুলি বাদ দিয়ে দোয়ারাবাজার সদর ইউনিয়নে ২৬ জন, দোহালিয়া ইউনিয়নে ৪০ জন, মান্নারগাঁও ইউনিয়নে ৩৫ জন, পান্ডারগাঁও ইউনিয়নে ৪৭ জন, সুরমা ইউনিয়নে ৫২ জনসহ মোট ২০০ জন জেলের নিবন্ধন চূড়ান্ত করা হয়েছে। নিবন্ধন কৃত জেলেদের তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে সরবরাহ করা হয়েছে। ইউনিয়ন পরিষদ কার্যালয়ে প্রদর্শিত খসড়া তালিকার বিষয়ে কোন আপত্তি পাওয়া যায়নি বলে উপজেলা মৎস্য অফিসার সভায় জানান। এক্ষণে তিনি যাচাই বাছাইকৃত জেলেদের খসড়া তালিকাটি চূড়ান্তভাবে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে আরো জানান যে, সুরমা ইউনিয়ন টেংরাটিলা সুরমা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর ১১৩ জন ও মান্নারগাঁও ইউনিয়ন চুলপশ্চি ও কামারগাঁও গ্রামের ২৭ জন অমৎস্যজীবী হিসেবে প্রতীয়মান হওয়ায় ডাটাবেইজ থেকে বাতিল করণের জন্য ও সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্তঃ

১। যাচাই বাছাইকৃত মোট ২০০ জন জেলের খসড়া তালিকার উপর কোন আপত্তি না থাকায় তালিকাটি চূড়ান্তভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। পূরণকৃত নিবন্ধন ফরম মৎস্য অধিদপ্তরের জলমহাল শাখা, মৎস্য ভবন, ঢাকায় প্রেরণের সিদ্ধান্ত হয়।

৩। তাছাড়া বাদ পড়া আরো নতুন জেলেদের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন কারা এবং মৃত জেলেদের তালিকা থেকে বাদ দেওয়ার জন্য উপজেলা মৎস্য অফিসার, দোয়ারাবাজারকে দায়িত্ব প্রদান করা হয়।

৪। সুরমা ইউনিয়ন ১১৩ জন ও মান্নারগাঁও ইউনিয়ন ২৭ জন মোট ১৪০ জন অমৎস্যজীবী হিসেবে প্রতীয়মান হওয়ায় ডাটাবেইজ থেকে বাতিল করণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



জনাব নেহের নিগার তনু
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা পর্যায়ে জেলেদের নিবন্ধন কার্যক্রম বাস্তবায়ন কমিটি
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

জেলেদের নিবন্ধন সংশোধনের জন্য উপজেলা কমিটির সদস্যদের উপস্থিতি :

স্থান: উপজেলা নির্বাহী অফিসার, মোয়ারাবাজার, সুনামগঞ্জ মহোদয়ের অফিস কক্ষ।

তারিখ: ১১/০৮/২০২৪ খ্রি:

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	কেও শ্রেষ্ঠশ্রদ্ধ মুখ্যিন	উপজেলা প্রিয়জনসভা প্রিয়া	<u>প্রিয়া</u>
২	কামরূপ ইমলো	U.P.S.O	<u>প্রিয়া</u>
৩	এস, এস, এসামুল এক	জেলেরিমার্ক সার্ভিস	<u>প্রিয়া</u>
৪	শ্রোঃ আবুল থামিদ	উপজেলা প্রক্ষেপণ	<u>প্রিয়া</u>
৫	ক্রেঃ কেন্দ্রীয়	U.P.S.O	<u>প্রিয়া</u>
৬	প্রিপুরুষ এস	R.D.O	<u>প্রিয়া</u>
৭	মোঃ মোস্তাফামাঝুর বুরুশাম	U.A.S	<u>প্রিয়া</u>
৮	অ্যাঃ আবুবকর গিলি	জেল প্রযোজন পরিষদ	<u>প্রিয়া</u>
৯	শ্রোঃ মোজাফিন পেমা	U.C.O	<u>প্রিয়া</u>
১০	শ্রোঃ কার্তিক পুঁজু	U.P.O	<u>প্রিয়া</u>
১১			
১২			